গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mochta.gov.bd)

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ১৫/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা, এনডিসি
সভার তারিখ ঃ ১৫/১২/২০১৬ খ্রিঃ
সভার সময় ঃ বেলা ০৩.০০ টা।
সভার স্থান ঃ মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা "পরিশিষ্ট ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক সপ্তম পর্যালোচনা সভার কার্যবিবরণী এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের ই-জিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও কর্মপরিকল্পনা সংক্রান্ত সভার কার্যবিবরণীর উপর আলোচনা করেন। বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কার্যবিবরণীতে মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের প্রযোজ্য অংশটুকুর গুরুত্বারোপ করেন এবং সংশ্লিষ্ট কার্যক্রমের অগ্রগতি সুষ্ঠুভাবে সম্পন্ন ও তদারকির জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া পরিকল্পনা মন্ত্রণালয় হতে প্রাপ্ত কার্যবিবরণীতে বলা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রধানমন্ত্রীর কার্যালয়ে ই-জিপি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এ মন্ত্রণালয় এবং অধীনস্থ সংস্থাসমূহের করণীয় বিষয়ের উপর গুরুত্বারোপ করা হয়েছে এবং সেগুলো যাতে যথাযথ প্রতিপালন হয় সেদিকে নজর দিতে সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্ম সচিব (প্রশাসন) গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং এতে কারো কোন আপত্তি না থাকায় বিগত সভার কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। অতঃপর বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক ঃ মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত কার্যবিবরণীতে মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের করণীয় বিভিন্ন বিষয় যথাক্রমে ইনোভেশন টিম পুনর্গঠন, ইনোভেশন টিমের বার্ষিক ও কর্মপরিকল্পনা প্রণয়ন, ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি (মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থা), বিগত ৬ মাসে অনুষ্ঠিত ইনোভেশন টিমের মাসিক সভা আয়োজন, মাঠ পর্যায়ের কর্মকর্তাদের দ্বারা বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগ, মন্ত্রণালয় পর্যায়ের কর্মকর্তাদের দ্বারা বাস্তবায়নাধীন উদ্যোগ, মন্ত্রণালয়ের উদ্যোগে মাঠ পর্যায়ের উদ্যোগ পর্যালোচনা, মাঠ পর্যায়ের উদ্যোগ রেপ্লিকেশন পরিকল্পনা, রেপ্লিকেশন সম্পন্ন করা মাঠ পর্যায়ের উদ্ভাবনী উদ্যোগ, ইনোভেশন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ আয়োজন, উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের জন্য মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রণোদনা প্রদান, মাঠ পর্যায়ের কর্মকর্তাদের বিদেশ প্রশিক্ষণ, মেন্টরিং, ট্রেনিং ইন্সটিটিউটে প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন অন্তর্ভুক্তকরণ, দপ্তরভিত্তিক ফেসবুক পেজ তৈরি এবং জেলা-উপজেলার ফেসবুক পেজের মাধ্যমে দ্রুত নাগরিক সমস্যা সমাধান ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। কার্যবিবরণীর আলোকে উক্ত বিষয়গুলোতে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।	কার্যবিবরণীর আলোকে মন্ত্রণালয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সংস্থাসমূহে কার্যবিবরণী প্রেরণ করতে হবে এবং নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।	ইনোভেশন টিম, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং ইনোভেশন টিম, আওতাধীন সকল (০৬টি) সংস্থা।

২।	**ই-জিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তঃ** পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত কার্যবিবরণীতে এ মন্ত্রণালয় এবং আওতাধীণ সংস্থাসমূহের ই-জিপিতে অন্তর্ভূক্তিসহ অন্যান্য কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা করা হয় এবং সভাপতি সে মোতাবেক কার্যক্রম গ্রহণের উপর গুরুত্বারোপ করেন।	কার্যবিবরণীর আলোকে মন্ত্রণালয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সংস্থাসমূহে কার্যবিবরণী প্রেরণ করতে হবে এবং নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।	মন্ত্রণালয় ও আওতাধীন সকল সংস্থার কর্মকর্তাবৃন্দ,
৩।	**National ICT Policy-2009-এর Action Plans (কর্মপরিকল্পনা) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ** ঃ সকল সংস্থা হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিয়মিত অগ্রগতি প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করা হচ্ছে। সচিব সবাইকে নিয়মিত ই-মেইল ব্যবহার এবং ই-মেইল এর যোগাযোগ আরও বাড়ানোর পরামর্শ প্রদান করেন। আওতাধীন সংস্থাসমূহের প্রধানগণ নিয়মিত সচিব-কে ই-মেইল প্রদান করবেন। প্রতি সপ্তাহের যে কোন ১ দিন ১ ঘন্টা ব্যাপী কম্পিউটারের মৌলিক বিষয়ের উপর মন্ত্রণালয়ে প্রশিক্ষণ আয়োজন এবং তথ্য প্রযুক্তি ব্যবহারে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন। মন্ত্রণালয়ের ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত ৩টি ব্যাচে মন্ত্রণালয়ের ১ম, ২য় শ্রেণির কর্মকর্তা এবং ৩য় শ্রেণির কর্মচারীদের প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। সংস্থাগুলোতে প্রশিক্ষণ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয় হতে প্রশিক্ষণ সিডিউল প্রস্তুতপূর্বক সংস্থায় প্রেরণের বিষয়ে আলোকপাত করেন।	National ICT Policy-2009 এর Action Plans (কর্মপরিকল্পনা) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে প্রতি মাসের ৩ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে ই-মেইল ও ডাকযোগে প্রেরণ করতে হবে। সংস্থার কর্মকর্তাবৃন্দ নিয়মিত সচিব-কে ই-মেইল করাসহ কোন বিষয়ে যাচিত প্রতিবেদন বা তথ্য ই-মেইলে প্রদান করবেন। এছাড়া মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তাগণ নিয়মিত ই-মেইল ব্যবহার করবেন এবং মন্ত্রণালয়ের সহকারী প্রোগ্রামার ও আইসিটি স্পেশালিস্ট কম্পিউটারের উপর সপ্তাহের যে কোন একটি দিন ১ ঘন্টা ব্যাপী প্রশিক্ষণের ব্যবস্থা করবেন। সংস্থাগুলোতে প্রশিক্ষণ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ের প্রশাসন অধিশাখা হতে প্রশিক্ষণ সিডিউল প্রস্তুতপূর্বক সংস্থায় প্রেরণ করতে হবে।	মন্ত্রণালয় ও আওতাধীন সকল সংস্থার কর্মকর্তাবৃন্দ, সহকারী প্রোগ্রামার, আইসিটি স্পেশালিষ্ট জনাব এ এ মং।
৪।	**মন্ত্রণালয়ের ওয়েব সাইট** ঃ এ মন্ত্রণালয়ের ওয়েব সাইট আধুনিকায়ন এবং তথ্য-ভান্ডার সমৃদ্ধকরণের কার্যক্রম চলমান রয়েছে বলে যুগ্ম সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন। এছাড়া সকল সংস্থার হালনাগাদকৃত ওয়েবসাইট আগামী সভায় প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপন করার উপর গুরুত্বারোপ করা হয়। মন্ত্রণালয় এবং সংস্থাগুলোর ওয়েব সাইট প্রতি মাসের যে কোন দিন পরিদর্শন করা হবে। পত্রাদি নিয়মিত ডাকযোগে প্রেরণের পাশাপাশি ই-মেইলে প্রদান এবং নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করার উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া মন্ত্রণালয়ের উন্নয়ন ও পরিকল্পনা শাখার সকল প্রকল্পের সার সংক্ষেপ প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে হালনাগাদকরণ, মন্ত্রণালয়ের বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম ছবি, ইভেন্টের ছবি ইত্যাদি নিয়মিত ওয়েব সাইটে হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।	মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েব-সাইট নিয়মিত হালনাগাদ করতে হবে এবং সংস্থাগুলোর হালনাগাদকৃত ওয়েবসাইট নিয়মিত সমন্বয় সভায় প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপন করতে হবে এবং সহকারী প্রোগ্রামার এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। মন্ত্রণালয়ের বিভিন্ন সভা, কর্মশালা ও অন্যান্য বিষয়ক তথ্য ওয়েব-সাইটে প্রকাশের জন্য নোটিশের একটি কপি সহকারী প্রোগ্রামার/আইসিটি স্পেশালিস্ট বরাবর প্রেরণ করতে হবে। এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সচিব এর বিভিন্ন প্রকল্পের উদ্বোধন, অন্যান্য কর্মকর্তাগণের তিন পার্বত্য জেলার বিভিন্ন প্রকল্প পরিদর্শন ও এ সংক্রান্ত প্রতিবেদনের ছবি Caption সহ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। প্রতিমাসের সমন্বয় সভায় মন্ত্রণালয়ের Website প্রজেক্টরের মাধ্যমে উপস্থাপনের ব্যবস্থা রাখতে হবে যাতে করে Website এর কোন তথ্য সংযোজন, বিয়োজন বা Website এর উন্নয়নে উপস্থিত কর্মকর্তাগণ মতামত রাখতে পারেন। সহকারী প্রোগ্রামার ও আইসিটি স্পেশালিস্ট সভা শুরুর পূর্বেই এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবেন। মন্ত্রণালয়ের উপপ্রধান উন্নয়ন ও পরিকল্পনা শাখার সকল প্রকল্পের সার সংক্ষেপ প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে নিয়মিত হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	যুগ্ম-সচিব (প্রশাসন) / উপসচিব (সকল) /উপ প্রধান, তথ্য কর্মকর্তা/ সহকারী প্রোগ্রামার/ আইসিটি স্পেশালিষ্ট এবং মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।
৫।	**জেলা পরিষদের অধীনে বিভিন্ন বিষয়/অফিস হস্তান্তর প্রসংগে** ঃ জেলা পরিষদের অধীনে বিভিন্ন বিষয়/অফিস হস্তান্তর বিষয়ে গত সভার সিদ্ধান্তের আলোকে নিম্নোক্ত অগ্রগতি হয়েছে মর্মে যুগ্ম সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেনঃ		যুগ্ম-সচিব (পরিষদ) / সিনি:সহ:সচিব